# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টমস্ বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুন বাগিচা
ঢাকা-১০০০।

২৯ মাঘ, ১৪০৮ বাং
নথি নং-২(৭)৮২/বন্ডঃ কমিঃ/আদেশ/২০০১/২৯৮৩(৮) তারিখ ঃ ----------------------।
১১ ফেব্রুয়ারী, ২০০২ ইং।

## -ঃ অফিস আদেশ ঃ-

কাস্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা এবং কাস্টমস্ বন্ড কমিশনারেট, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম এর বিভিন্ন প্রকারের প্রায় তিন হাজার বন্ডেড ওয়্যার হাউসের লাইসেন্সের প্রায় প্রতিটি নথি কশিশনার পর্যন্ত সিদ্ধান্তের জন্য প্রেরিত হয় । এত বিপুল পরিমাণ নথি পত্র নিত্যনৈমিত্তিক সিদ্ধান্তের জন্য কমিশনারের নিকট প্রেরণ করায় অফিস সময়ের অতিরিক্ত সময় কাজ করেও ত্বরিৎ সিদ্ধান্ত প্রদান সম্ভব হচ্ছে না। অত্র অফিসের অফিস আদেশ নং-২(৭)৮২/বন্ডঃ কমিঃ/আদেশ/২০০১/৭৫৭৫-৭৬৫২ তারিখ ঃ ২৫/০৯/২০০১ এর মাধ্যমে কিছু কিছু বিষয় নিস্পত্তির জন্য সহকারী কমিশনারের নিম্ন নহে এমন কর্মকর্তাদের মধ্যে বন্টন করার পরও কমিশনারের সিদ্ধান্তের জন্য যে বিপুল পরিমাণ নথি প্রতিদিন প্রেরিত হচ্ছে তাতে কমিশনারের পক্ষে স্বাভাবিক কার্যক্রম অব্যাহত প্রায় অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। এছাড়া বিভিন্ন অনিয়ম সংক্রান্ত বিষয় নিস্পত্তির জন্য প্রায় প্রতিদিনই শুনানী গ্রহণে বিপুল সময় করতে হয় । দর্শনার্থীরদের সাক্ষাৎকার বিভিন্ন সময়ে সভায় উপস্থিত ও উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক তাৎক্ষণিক কর্ম গ্রহণ ইত্যাদিতেও প্রচুর সময় ব্যয় করতে হয় । যার ফলে নথিসমূহের সিদ্ধান্ত প্রদানে অনিচ্ছাকৃত বিলম্ব ঘটে এমতাবস্থায় সমূহের তথা বন্ডারদের কার্যক্রম যথাসম্ভব স্বল্পতম সময়ে সম্পন্ন করার উদ্দেশ্যে নিম্নোক্ত বিষয়সমূহের উপর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণকে প্রয়োজনীয় কার্যকম গ্রহণ ও সিদ্ধান্ত প্রদানের নির্দেশ দেয়া হলো ঃ

(ক) **আমদানী প্রাপ্যতা ঃ** লাইসেন্সের নবায়নের সময় বার্ষিক আমদানী প্রাপ্যতা কমিশনার কর্তৃক অনুমোদিত হয় । বর্তমানে অত্র কমিশনারেটে মোট আমদানী প্রাপ্যতার ৫০% প্রথম পর্যায়ে আমদানী করার এবং পরবর্তীতে বন্ডারের রপ্তানীর পারফরমেন্সের ভিত্তিতে কমিশনারের অনুমোদন সাপেক্ষে বাকী ৫০% আমদানীর বিধান করা হয়েছে । এ আদেশ জারীর পর হতে বাকী ৫০% আমদানীর ক্ষেত্রে সন্তোষজনক পারফরমেন্সের ভিত্তিতে অতিঃ কমিশনার/যুগ্ম কমিশনার স্ব স্ব ক্ষেত্রে অনুমোদন করবে ।

(খ) **লাইসেন্স নবায়ন ঃ** প্রচ্ছন্ন রপ্তানীকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে নবায়নপূর্ব তদন্তের জন্য অতিঃ কমিশনার/যুগ্ম কমিশনার স্ব স্ব ক্ষেত্রে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করবেন এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনাপূর্বক সুনির্দিষ্ট প্রস্তাব কশিশনার বরাবরে প্রেরণ করবেন যাতে নবায়নের জন্য কমিশনারের নিকট নথিটি একবারই উপস্থাপিত হয় ।

(গ) **তদন্তকারী কর্মকর্তা নিয়োগ ঃ** নতুন লাইসেন্স ইস্যু ব্যতীত অন্যান্য নিয়মিত তদন্তের ক্ষেত্রে অতিরিক্ত কমিশনার/যুগ্ম কমিশনার তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করবেন ।

(ঘ) **সহগ নির্ধারণ ঃ** সহগ নির্ধারণের ক্ষেত্রে সহকারী/উপ-কমিশনার কমিশনারের পক্ষে শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তরে পত্র প্রেরণ করবেন । কমিশনারের নিকট নথি প্রেরণের প্রয়োজন হবে না ।

০২। এই আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে ।

স্বা/-
[হাসিনা খাতুন]
কমিশনার